দৈনিক সংবাদ

তারিখ SEP. 07 1999
পৃষ্ঠা কলাম

# ৭টি জেলাকে নিরক্ষরমুক্ত ঘোষণা ❑ ৩ বছরে ঘোষণা করা হবে বাকি সবগুলোকে

॥ কাশেম হুমায়ূন ॥

দেশের ৭টি জেলাকে সম্পূর্ণ নিরক্ষরমুক্ত ঘোষণা করা হয়েছে। এই ৭টি জেলা হচ্ছে ঃ লালমনিরহাট, চুয়াডাঙ্গা, রাজশাহী, মাগুরা, গাইবান্ধা, জয়পুরহাট ও নওগাঁ। আগামী ৩ বছরের মধ্যে দেশের সব জেলাকে নিরক্ষরমুক্ত ঘোষণা করা সম্ভব হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ আশা প্রকাশ করেছে।

বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে দেশব্যাপী সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম) কর্মসূচি ১৯৯৫-৯৬ অর্থবছর থেকে শুরু হয়েছে। এই কর্মসূচির জন্য ব্যয় ধরা হয়েছে ৬শ' ৮০ কোটি টাকা। টিএলএম-এর আওতায় ১৯৯৮-৯৯ অর্থবছরে মাগুরা, রাজশাহী ও গাইবান্ধা এই ৩টি জেলাকে সম্পূর্ণভাবে নিরক্ষরমুক্ত করা হয়। এর আগে লালমনিরহাট ও চুয়াডাঙ্গা জেলা নিরক্ষরমুক্ত হয়। গত আগস্ট মাসে জয়পুরহাট ও নওগাঁ জেলাকে নিরক্ষরমুক্ত ঘোষণা করা হয়।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে, ২০০৬ সালের মধ্যে টিএলএম কর্মসূচির আওতায় সমগ্র বাংলাদেশকে নিরক্ষরমুক্ত করার পরিকল্পনা রয়েছে। বর্তমান সরকার টিএলএম কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বারোপ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা টিএলএম কর্মসূচির ব্যাপারে যথেষ্ট আগ্রহ দেখাচ্ছেন। প্রধানমন্ত্রীর ব্যক্তিগত তাগিদ ও মনিটরের কারণে দেশব্যাপী জোরেশোরে টিএলএম কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচি দ্রুত বাস্তবায়নের ফলে আগামী ৩ বছরের মধ্যে সমগ্র বাংলাদেশকে

ঘোষণা ঃ পৃঃ ১১ কঃ ৩

## ঘোষণা ঃ নিরক্ষরমুক্ত

( ১ম পৃষ্ঠার পর )

সম্পূর্ণভাবে নিরক্ষরমুক্ত করা যাবে বলে আশা করা হচ্ছে।

সূত্রটি জানায়, সরকারি কার্যক্রমের পাশাপাশি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাগুলোও সাক্ষরতা আন্দোলনে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে কেন্দ্রভিত্তিক কৌশলের (সিবিএ) আওতায় এ পর্যন্ত ৫৭ হাজার ১শ' ৯৫টি কেন্দ্রের কার্যক্রম শেষ হয়েছে। এসব কেন্দ্রের মাধ্যমে ১৭ লাখ ১৫ হাজার ৮শ' ৫০ জন নিরক্ষর ব্যক্তি সাক্ষরতা লাভ করেছে। এছাড়া বর্তমানে ৩৪ হাজার ৫শ' ২৫টি কেন্দ্র চালু রয়েছে।